# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
# তথ্য অধিদফতর
# বাংলাদেশ সচিবালয়
# ঢাকা

## সংবাদ গতিধারা

**ঢাকা, বুধবার ২৯ জুন ২০১৬, ১৫ আষাঢ় ১৪২৩**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। উচ্চশিক্ষার মনোন্নয়নে উন্নয়ন প্রকল্পসহ একনেকে ৮টি প্রকল্প অনুমোদন
২। বাংলাদেশ ও মঙ্গোলিয়ার ব্যবসা-বাণিজ্য সম্প্রসারণে প্রধানমন্ত্রীর গুরুত্বারোপ
৩। দুটি শিক্ষা প্রতিষ্ঠানের কাছে ৪টি বাস হস্তান্তর করলেন প্রধানমন্ত্রী
৪। পেশাজীবীদের সঙ্গে প্রধানমন্ত্রীর ইফতার
৫। জমি দিলে শিল্প কারখানায় দিবাযত্ন কেন্দ্র করে দেবে সরকার : প্রধানমন্ত্রী
৬। ঈদের ছুটির ৯ দিনে চিকিৎসাব্যবস্থা স্বাভাবিক থাকবে, খোলা হবে কন্ট্রোল রুম
৭। নারীর ক্ষমতায়ন সাম্প্রদায়িকতা রুখবে : তথ্যমন্ত্রী
৮। জাতীয় সংসদে আগামীকাল ২০১৬-১৭ অর্থবছরের বাজেট পাস
৯। আগামী ২, ৩, ও ৪ জুলাই বাণিজ্যিক এলাকায় ব্যাংক খোলা থাকবে
১০। ট্যানারি মালিকদের জরিমানা সংক্রান্ত হাইকোর্টের আদেশ স্থগিত
১১। চট্টগ্রামে পুলিশ কর্মকর্তা বাবুল আক্তারের স্ত্রী মাহমুদা খানম মিতুকে হত্যায় জড়িত সন্দেহে গ্রেফতারের পর সহযোগীসহ ভোলা কারাগারে
১২। একাদশ শ্রেণির ভর্তিতে দ্বিতীয় অপেক্ষমাণ তালিকা প্রকাশ

চলমান পাতা-২



**১। উচ্চশিক্ষার মনোন্নয়নে উন্নয়ন প্রকল্পসহ একনেকে ৮টি প্রকল্প অনুমোদন**

বিশ্বব্যাংকের সহায়তায় দেশের উচ্চশিক্ষার মনোন্নয়নে ১ হাজার ৪০ কোটি টাকার উন্নয়ন প্রকল্পসহ মোট ৮টি প্রকল্প অনুমোদন দিয়েছে জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটি (একনেক)। এতে মোট ব্যয় হবে ৪ হাজার ৬০৬ কোটি ৬০ লাখ টাকা। এর মধ্যে সরকারি অর্থায়নে ৩ হাজার ৮০৬ কোটি ৬০ লাখ টাকা এবং প্রকল্প সাহায্য ৮০০ কোটি টাকা। গতকাল ২৮ জুন মঙ্গলবার রাজধানীর শেরেবাংলা নগরে (এনইসি) সম্মেলন কক্ষে

একনেক চেয়ারপার্সন ও প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে একনেক সভায় প্রকল্পগুলো অনুমোদন দেওয়া হয়। সূত্র-**ভোরের কাগজ (পৃ.৯,ক.৪), সংবাদ** (শেষ পৃ.,ক.৮)**, অবজারভার** (পৃ.১৭,ক.১)**, ডেইলি সান** (শেষ পৃ.,ক.১)।

**২। বাংলাদেশ ও মঙ্গোলিয়ার ব্যবসা-বাণিজ্য সম্প্রসারণে প্রধানমন্ত্রীর গুরুত্বারোপ**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা দুই দেশের জনগণের নিজ নিজ পারস্পরিক স্বার্থে বাংলাদেশ এবং মঙ্গোলিয়ার মধ্যে ব্যবসা-বাণিজ্য সম্প্রসারণের ওপর গুরুত্বারোপ করেছেন। তিনি বলেন, দ্বিপাক্ষিক সম্পর্ক জোরদার করার পাশাপাশি বাংলাদেশ ও মঙ্গোলিয়ার মধ্যে ব্যবসা-বাণিজের পরিমাণ বাড়ানোর জন্য আমাদের উদ্যোগ গ্রহণ করা উচিত। গতকাল ২৮ জুন মঙ্গলবার জাতীয় সংসদ ভবনস্থ কার্যালয়ে বাংলাদেশে নিযুক্ত মঙ্গোলিয়ার অনাবাসিক রাষ্ট্রদূত গোনচিং গ্যানবোল্ড সৌজন্য সাক্ষাতে এলে প্রধানমন্ত্রী একথা বলেন। প্রধানমন্ত্রী বাংলাদেশকে বিনিয়োগের জন্য আকর্ষণীয় স্থান হিসেবে উল্লেখ করে বাংলাদেশে বিনিয়োগে এগিয়ে আসার জন্য মঙ্গোলীয় ব্যবসায়ী উদ্যোক্তাদের প্রতি আহ্বান জানান। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.১)**, জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৪)**, নিউজ টুডে** (শেষ পৃ.,ক.১)**, ডেইলি সান** (পৃ.৩,ক.২)। **ইন্ডিপেনডেন্ট, নিউজ টুডে** এ বিষয়ে ছবিসহ খবর ছেপেছে।

**৩। দুটি শিক্ষা প্রতিষ্ঠানের কাছে ৪টি বাস হস্তান্তর করলেন প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা নিটোল-নিলয় গ্রুপের সৌজন্যে নগরীর দুটি শিক্ষা প্রতিষ্ঠানের কাছে ৪টি বাস হস্তান্তর করেছেন। টিকাটুলি এলাকায় শের-ই-বাংলা গালর্স স্কুল এন্ড কলেজ এবং আজিমপুর গালর্স স্কুল এন্ড কলেজের কাছে বাস হস্তান্তর করা হয়। প্রতিটি প্রতিষ্ঠান দুটি করে বাস পেয়েছে। গতকাল ২৮ জুন মঙ্গলবার প্রধানমন্ত্রীর বাসভবন গণভবনে এক অনুষ্ঠানে তিনি শিক্ষা প্রতিষ্ঠান প্রধানদের কাছে ৩৬ আসনের বাসের চাবি হস্তান্তর করেন। শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ এ সময় অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৫)**, সমকাল** (পৃ.৪,ক.১)**, ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.৬)**, ডেইলি সান** (পৃ.২,ক.১)।

**সংবাদ, জনকণ্ঠ, ইনকিলাব, ফিনানশিয়াল এক্সপ্রেস** এ বিষয়ে ছবিসহ খবর ছেপেছে।

**৪। পেশাজীবীদের সঙ্গে প্রধানমন্ত্রীর ইফতার**

শিক্ষক, সাংবাদিক, আইনজীবী, শিল্পী সাহিত্যিক, ব্যবসায়ী, ক্রীড়াবিদসহ সমাজের শীর্ষ পর্যায়ের পেশাজীবীদের নিয়ে ইফতার করেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। গতকাল ২৮ জুন মঙ্গলবার প্রধানমন্ত্রীর বাসভবন গণভবনে এ ইফতারের আয়োজন করা হয়। ইফতারের আগে প্রধানমন্ত্রী আমন্ত্রিত অতিথিদের সঙ্গে কুশল বিনিময় করেন। এরপর দেশ ও জাতির কল্যাণ কামনা করে দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়। সূত্র-**ভোরের কাগজ** (শেষ পৃ.,ক.৫)**, জনকণ্ঠ** (পৃ.১,ক.৬) **ইন্ডিপেনডেন্ট** (পৃ.২,ক.২)**, ডেইলি সান** (পৃ.৩,ক.১)।

**জনকণ্ঠ, ভোরের কাগজ, সমকাল, যুগান্তর, অবজারভার, ডেইলি স্টার** এ বিষয়ে ছবিসহ খবর ছেপেছে।

**৫। জমি দিলে শিল্প কারখানায় দিবাযত্ন কেন্দ্র করে দেবে সরকার : প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, বেসরকারী শিল্প প্রতিষ্ঠানের মালিকরা প্রয়োজনীয় জমি দিলে সরকার সে সব কারখানায় দিবাযত্ন কেন্দ্রের অবকাঠামো নির্মাণ করে দেবে। পাশাপাশি প্রয়োজনীয় সরঞ্জামাদি প্রদান করা হবে। গতকাল ২৮ জুন মঙ্গলবার জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটির (একনেক) সভায় কর্মজীবী মায়ের সন্তানদের পরিচর্যা নিশ্চিতকরণের ওপর গুরুত্বারোপ করতে গিয়ে প্রধানমন্ত্রী এসব কথা বলেন। বৈঠক শেষে পরিকল্পনামন্ত্রী আ হ ম মুস্তফা কামাল এ বিষয়ে অবহিত করেন। সূত্র-**জনকণ্ঠ (পৃ.২,ক.৩), সংবাদ** (শেষ পৃ.,ক.৩)**, ডেইলি স্টার** (পৃ.৩,ক.১)।

**৬। ঈদের ছুটির ৯ দিনে চিকিৎসাব্যবস্থা স্বাভাবিক থাকবে, খোলা হবে কন্ট্রোল রুম**

পবিত্র ঈদুল ফিতরের ছুটিকালিন সময়ে সরকারি হাসপাতালসহ সব চিকিৎসা প্রতিষ্ঠানে চিকিৎসাব্যবস্থা স্বাভাবিক থাকবে। এ সময় প্রতিদিন ২৪ ঘন্টা জরুরি বিভাগ খোলা থাকবে। এছাড়া ঈদের দিন, পবিত্র শবে কদরের পরদিন এবং দুই শুক্রবার ব্যতীত প্রতিদিন সীমিত পরিসরে বর্হিবিভাগের চিকিৎসাসেবা চালু থাকবে।

রোগীদের সুবিধার্থে খোলা হবে কন্ট্রোল রুম। গতকাল ২৮ জুন মঙ্গলবার সচিবালয়ে ঈদের ছুটির সময় দেশের সরকারি হাসপাতাল ও স্বাস্থ্যসেবা প্রতিষ্ঠানে চিকিৎসাসেবা কার্যক্রম চালু রাখার বিষয়ে এক বৈঠকে এই সিদ্ধান্ত গৃহীত হয়। স্বাস্থ্যমন্ত্রী মোহাম্মদ নাসিম এতে সভাপতিত্ব করেন। সূত্র-**ইনকিলাব (শেষ পৃ.,ক.৬) জনকণ্ঠ** (পৃ.১,ক.১)।

**৭। নারীর ক্ষমতায়ন সাম্প্রদায়িকতা রুখবে : তথ্যমন্ত্রী**

তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু বলেছেন, নারীর ক্ষমতায়ন সাম্প্রদায়িকতা রুখবে এবং গণতন্ত্রকে শক্তিশালী করবে। তিনি বলেন, ধর্মান্ধতা ও কুসংস্কার নারীর অগ্রযাত্রার সবচেয়ে বড় বাধা। নারীর অধিকার প্রতিষ্ঠায় শিক্ষা, সম্পদ, কর্ম ও কাঠামোতে তার প্রবেশগম্যতা নিশ্চিত করতে হবে। এ কাজে নারী-পুরুষ উভয়কেই এগিয়ে আসতে হবে। তিনি বলেন, নারীর অংশগ্রহণ ছাড়া গণতন্ত্র হয় না আর সাম্প্রদায়িকতা সুযোগ পায়। মন্ত্রী গতকাল ২৮ জুন মঙ্গলবার জাতীয় প্রেসক্লাবের কনফারেন্স লাউঞ্জে কুড়িগ্রাম রুরাল ওমেন ডেভেলপমেন্ট সেন্টার আয়োজিত 'অবহেলিত নারীর সংগ্রামী জীবন ও কিছু কথা' শীর্ষক সেমিনারে প্রধান অতিথির বক্তৃতায় এ কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৩,ক.৫), **সমকাল** (পৃ.৪,ক.৫)।

**৮। জাতীয় সংসদে আগামীকাল ২০১৬-১৭ অর্থবছরের বাজেট পাস**

জাতীয় সংসদে প্রস্তাবিত ২০১৬-১৭ অর্থবছরের বাজেটের ওপর দীর্ঘ সাধারণ আলোচনা আজ বুধবার শেষ হচ্ছে। আজ শেষ দিনে সংসদ নেতা ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা, বিরোধী দলীয় নেতা রওশন এরশাদ ও অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত বক্তৃতা করবেন। এই আলোচনার প্রেক্ষিতে প্রস্তাবিত বাজেটের ওপর সংযোজন-বিয়োজন শেষে আগামীকাল ৩০ জুন বৃহস্পতিবার চূড়ান্ত বাজেট পাস হবে। সূত্র-**জনকণ্ঠ (পৃ.২,ক.১), ইত্তেফাক** (পৃ.১,ক.৬), **নিউ এজ** (পৃ.১,ক.৫)।

**৯। আগামী ২, ৩, ও ৪ জুলাই বাণিজ্যিক এলাকায় ব্যাংক খোলা থাকবে**

ঈদ উপলক্ষে ১ জুলাই থেকে ছুটি শুরু হলেও আগামী ২, ৩ ও ৪ জুলাই ব্যবসায়ীদের সুবিধার্থে কিছু এলাকায় বিশেষ ব্যবস্থায় ব্যাংক লেনদেন চালু রাখার সিদ্ধান্ত দিয়েছে কেন্দ্রীয় ব্যাংক। এর মধ্যে দেশের সব বাণিজ্যিক এলাকা ও বড় বিপণিবিতান সংলগ্ন ব্যাংক শাখায় টাকা তোলা ও জমা দেওয়া যাবে। আর পোশাক শিল্পঘন এলাকার ব্যাংক শাখাগুলোতে নিয়মিত লেনদেনের পাশাপাশি অন্যান্য কার্যক্রমও চলবে। ব্যবসায়ী ও শিল্পপতিদের শীর্ষ সংগঠন এফবিসিসিআইয়ের দাবিতে সাড়া দিয়ে গতকাল ২৮ জুন মঙ্গলবার কেন্দ্রীয় ব্যাংকের এক সার্কুলারে এই সিদ্ধান্ত জানানো হয়েছে। বাণিজ্যিক এলাকা ও বড় বিপণিবিতান সংলগ্ন ব্যাংকের কোন কোন শাখা খোলা রাখার প্রয়োজন হবে তা ব্যাংকগুলো নিজেরা ঠিক করবে বলে গতকাল ২৮ জুন মঙ্গলবারের সার্কুলারে বলা হয়েছে। সূত্র-**জনকণ্ঠ (পৃ.১,ক.৪), ইত্তেফাক** (পৃ.১৮,ক.৭), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.২,ক.১), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.৮)।

**১০। ট্যানারি মালিকদের জরিমানা সংক্রান্ত হাইকোর্টের আদেশ স্থগিত**

১৫৪ ট্যানারি মালিকের প্রত্যেককে ক্ষতিপূরণ বাবদ প্রতিদিন ৫০ হাজার টাকা করে রাষ্ট্রীয় কোষাগারে জমা দেওয়ার হাইকোর্টের আদেশ ১৭ জুলাই পর্যন্ত স্থগিত করেছে আপিল বিভাগের চেম্বার আদালত। এ সংক্রান্ত লিভ টু আপিলের শুনানি শেষে আপিল বিভাগের অবকাশকালিন চেম্বার আদালতের বিচারপতি হাসান ফয়েজ সিদ্দিক গতকাল ২৮ জুন মঙ্গলবার এই আদেশ দেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৮), **ভোরের কাগজ** (পৃ.১,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৮), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.৮)।

**১১। চট্টগ্রামে পুলিশ কর্মকর্তা বাবুল আক্তারের স্ত্রী মাহমুদা খানম মিতুকে হত্যায় জড়িত সন্দেহে গ্রেফতারের পর সহযোগীসহ ভোলা কারাগারে**

চট্টগ্রামে পুলিশ কর্মকর্তা বাবুল আক্তারের স্ত্রী মাহমুদা খানম মিতুকে হত্যার ঘটনায় এক সপ্তাহ আগে আটক এহতেশামুল হক ভোলাকে (৪১) গ্রেফতার দেখিয়েছে পুলিশ। সেই সঙ্গে তার এক সহযোগীকেও গ্রেফতার করেছে বাহিনীটি। হত্যায় অস্ত্র সরবরাহকারী ভোলাকে আদালতে তুলে রিমান্ডের আবেদন জানালে গতকাল ২৮ জুন মঙ্গলবার বিচারক তাকে কারাগরে পাঠানোর নির্দেশ দেন। পুলিশ বলছে, গত সোমবার রাত সাড়ে ১০টার দিকে নগরীর বাকলিয়া থানায় রাজাখালী থেকে ভোলাকে গ্রেফতার করা হয়। তার দেওয়া তথ্যের ভিত্তিতে গতকাল ২৮ জুন মঙ্গলবার ভোর ৫টার দিকে রাজাখালীতে অভিযান চালানো হয়। সেখানে মনির হোসেন (২৮) নামে ভোলার এক

কর্মচারীর কাছ থেকে উদ্ধার করা হয় মিতু হত্যায় ব্যবহৃত দেশে তৈরি ৩২ বোরের রিভলভার,



এর ৬ রাউন্ড গুলি ও একটি ৭ দশমিক ৬৫ বোর বিদেশি পিস্তল। এ ঘটনায় মনিরকেও গ্রেফতার করা হয়। সূত্র-**যুগান্তর** (পৃ.২,ক.২), **অবজারভার (পৃ.১,ক.৫)**। **ইত্তেফাক, যুগান্তর, যায়যায়দিন, ভোরের কাগজ, সমকাল, প্রথম আলো, ইন্ডিপেনডেন্ট, নিউ নেশন** এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

**১২। একাদশ শ্রেণির ভর্তিতে দ্বিতীয় অপেক্ষমাণ তালিকা প্রকাশ**

কলেজ ভর্তিতে শিক্ষার্থীদের দ্বিতীয় অপেক্ষমাণ তালিকা প্রকাশ করা হয়েছে। প্রথম অপেক্ষমাণ তালিকায় থাকা শিক্ষার্থীদের মধ্য থেকে গতকাল ২৮ জুন মঙ্গলবার সকালে দ্বিতীয় এ তালিকা প্রকাশ করে আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় সাব-কমিটি। নতুন তালিকায় প্রতিটি কলেজে শূণ্য আসনের তুলনায় প্রায় পাঁচ গুণ শিক্ষার্থীকে রাখা হয়েছে। শিক্ষার্থীরা সিরিয়াল অনুসারে আগামী ৩০ জুন বৃহস্পতিবার পর্যন্ত ভর্তি হতে পারবে। তবে অপেক্ষমাণ তালিকা থেকে ভর্তি নিয়ে বিভিন্ন কলেজে অনিয়ম হচ্ছে বলে অভিযোগ উঠেছে। ভর্তির বাইরে আছে আড়াই লাখেরও বেশি শিক্ষার্থী। এদিকে ১ জুলাই থেকে ১০ জুলাই পর্যন্ত ছুটির কারণে ভর্তি কার্যক্রম বন্ধ রাখা হবে। ১১ জুলাই থেকে ২০ জুলাই পর্যন্ত বিলম্ব ফিসহ ভর্তির প্রক্রিয়া শিক্ষার্থীদের স্বার্থে সহজ ও কিছুটা উন্মুক্ত করে দেওয়ার চিন্তাভাবনা করা হচ্ছে। সূত্র-**জনকণ্ঠ (পৃ.১,ক.৭), সংবাদ** (পৃ.১,ক.৫)।

**সম্পাদকীয়**

ক. **ইত্তেফাক :** বিপনীবিতানগুলোতে ভ্রাম্যমাণ আদালতের কঠোর অভিযানের মধ্যেই ঈদ উপলক্ষে বিদেশি পোশাকের অবাধ কেনাবেচায় উদ্বেগ প্রকাশ করে হুমকির মুখে পড়া দেশীয় বস্ত্রশিল্প বাঁচাতে বিদেশি পণ্য বর্জন করে নিজেদের ঐতিহ্য ও সৃজনশীলতাকে গ্রহণ করার আহ্বান।

খ. **ইনকিলাব, নিউজ টুডে :** অর্থ পাচারের দিক থেকে শীর্ষ দশ দেশের মধ্যে বাংলাদেশের অবস্থান ৪০ তম হওয়ার খবরে নিন্দা জানিয়ে টাকা পাচার রোধ ও বিনিয়োগ বাড়াতে সর্বাগ্রে রাজনৈতিক পরিস্থিতি শান্তিপূর্ণ করে আইনের শাসন ও ন্যায়বিচার নিশ্চিত করার ওপর গুরুত্বারোপ।

গ. **প্রথম আলো :** আইন-শৃঙ্খলার অবনতি, জঙ্গি তৎপরতা বৃদ্ধি, নির্বাচনে যেকোনো পরিস্থিতিতে সংখ্যালঘুদের নিরাপত্তার ওপর যেসব আঘাত আসছে তা থেকে তাদের সুরক্ষায় বিশেষ ভাবে নজর দেওয়ার সুপারিশ।

ঘ. **সংবাদ, ইনকিলাব :** বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) এর একটি প্রতিবেদনে প্রাকৃতিক দুর্যোগের প্রভাবে ২০০৯ থেকে ২০১৪ সাল পর্যন্ত বাংলাদেশের ক্ষতি হয়েছে ১৮ হাজার ৪২৫ কোটি টাকা উল্লেখ করে জলবায়ু পরিবর্তনের প্রভাব মোকাবিলায় বিশ্ব দরবারে ক্ষতিপূরণ চাওয়ার পাশাপাশি সুনির্দিষ্ট পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নের আহ্বান।

ঙ. **যুগান্তর, যায়যায়দিন, ভোরের কাগজ, ডেইলি সান :** প্রধানমন্ত্রী শেখ হাসিনা মেট্রোরেলের নির্মাণ কাজের উদ্বোধন করায় স্বাগত জানিয়ে রাজধানীর যানজট নিরসন ও অর্থনৈতিক উন্নয়নে সরকার গৃহীত এ পদক্ষেপের সাফল্য ও দ্রুত বাস্তবায়ন প্রত্যাশা।

চ. **ইন্ডিপেনডেন্ট :** ভূমিকম্পের ঝুঁকি মোকাবিলায় সতর্ক ও প্রস্তুত থাকার আহ্বান।

ছ. **ডেইলি সান :** রাজধানীর ১০০টি পয়েন্টে ঈদ উপলক্ষে যানবাহন হতে টোল আদায়ের নামে চাঁদাবজি বন্ধে কঠোর পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

জ. **বাংলাদেশ টুডে :** রাজধানীর বিভিন্ন এলাকায় পর্যাপ্ত পানি সরবরাহ নিশ্চিত করতে ওয়াসাকে বৃষ্টির পানি কাজে লাগানোর আহ্বান।

**উপ-সম্পাদকীয়**

**প্রথম আলো** পত্রিকায় প্রকাশিত কলামে বাংলাদেশকে উন্নত রাষ্ট্র হিসেবে দেখতে দুর্নীতি দমনের সাথে সাথে অপচয় ও অপব্যয় রোধ করতে হবে বলে উল্লেখ করা হয়েছে।

**নিবন্ধ ও ফিচার**

**সমকাল** পত্রিকায় প্রকাশিত **'নিয়োগ প্রক্রিয়া ও উপেক্ষিত তারুণ্য'** শিরোনামের নিবন্ধে হারুন-অর-রশিদ বিভিন্ন চাকরির নিয়োগ পরীক্ষাগুলো দীর্ঘমেয়াদি ও অনিয়মিত হওয়ায় তা চূড়ান্তকরণের দীর্ঘ প্রক্রিয়া তারুণ্যের অমূল্য সময়টুকু

ছিনিয়ে নিচ্ছে বলে অভিমত প্রকাশ করেছেন।

#

ফারহানা/শুকলা/সাঈদা/রশীদ/আফরোজা/২০১৬/৯.০০ ঘণ্টা